

রেজিস্টার্ড নং ডি এ-১



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ১১, ২০০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-৩ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ৬ই ডিসেম্বর ২০০৩/২২শে অগ্রহায়ণ ১৪১০

এস, আর, ও নং ৩৪০-আইন/২০০৩।—যেহেতু সরকার বগুড়া জেলার দুপচাঁচিয়া মিউনিসিপ্যালিটি হইতে নিম্নলিখিত টেবিলে বর্ণিত এলাকা কর্তনকরতঃ উহার সীমানা সংকুচিত করিবার উদ্দেশ্যে Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ কর্তনের প্রস্তাবসম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহ্বান করিবার জন্য বগুড়া জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উল্লিখিত মিউনিসিপ্যালিটি হইতে নিম্নলিখিত টেবিলে বর্ণিত এলাকা কর্তনকরতঃ উহার সীমানা সংকুচিত করিবার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন; এবং

যেহেতু সরকার উক্ত প্রতিবেদন বিবেচনান্তে উক্ত Rules এর rule 4(2) এর অধীনে উক্ত মিউনিসিপ্যালিটি হইতে নিম্নলিখিত টেবিলে বর্ণিত এলাকা কর্তনকরতঃ উহার সীমানা সংকুচিত করিবার জন্য সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

সেহেতু Paurashava Ordinance, 1977 (Ordinance No. XXVI of 1977) এর section 4(b) তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার ২রা আশ্বিন,

(১১৯৭১)

মূল্য : টাকা ১.০০

১৪১০ বাংলা মোতাবেক ১৭ই সেপ্টেম্বর, ২০০৩ ইংরেজী তারিখের জারীকৃত অত্র বিভাগের প্রজ্ঞাপন এস,আর,ও, নং-২৭৮-আইন/২০০৩ এর তফসিল হইতে নিম্নবর্ণিত টেবিলের উল্লিখিত এলাকা কর্তন করিয়া দুপচাঁচিয়া মিউনিসিপ্যালিটির সীমানা সংকুচিত করিল।

টেবিল

ইউনিয়নের নাম	মৌজার নাম	জে,এল, নং	দাগ নং
১	২	৩	৪
দুপচাঁচিয়া	ধাপ	৪১	১-৮০১ এবং ৯০০-৯৯৫

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. মোঃ রুহুল আমিন সরকার
উপ-সচিব (পৌর)।

শেখ মোঃ মোবারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।